## সেপ্টেম্বর,২০২২ খ্রিঃ মাসে অনুষ্ঠিত পানছড়ি উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব **চন্দ্র দেব চাকমা**, প্যানেল চেয়ারম্যান-১, উপজেলা পরিষদ, পানছড়ি। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ মিলনায়তন, পানছড়ি, খাগড়াছড়ি |
| সভার তারিখ ও সময় | : | ২৭ সেপ্টেম্বর, ২০২২খ্রি: ; সময় : বেলা ১০.৩০ ঘটিকা। |
| উপস্থিত সদস্যদের নাম | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |
| বিবেচ্য মাস | : | আগষ্ট, ২০২২খ্রি:। |

সভাপতি শুরুতে উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানান। অত:পর তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, পানছড়ি কে অনুরোধ করেন। শুরুতে গত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। অত:পর কার্যবিবরণীতে কোন সংশোধনী ও সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃনং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | গত সভার কার্যবিবরণী | গত সভার কার্যবিবরণী অনুমোদিত। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি। |
| **২** | বিবেচ্য মাসে মৎস্য ও প্রাণি সম্পদ বিষয়ক কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং গৃহীত সিদ্ধান্তের আলোকে ২টি প্রকল্প বাস্তবায়নের জন্য সুপারিশ পাওয়া যায়।<br>(ক) কার্প জাতীয় মাছের মিশ্র চাষ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ;<br>(খ) গবাদি ও হাঁস-মুরগী খামারী প্রশিক্ষণ প্রকল্প; | উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচি/উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর প্রয়োজনীয় বরাদ্দ প্রাপ্তি/আলোচনা/পর্যালোচনা সাপেক্ষে পার্শ্বেবর্ণিত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | **সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য সচিবগণ।** |
| ৩ | **<u>স্বাস্থ্য বিভাগ :</u>** উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা জানান যে, বহি: বিভাগে উপস্থিতি রোগীর সংখ্যা ৩৪৪৬ জন, জরুরী বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১৩৮ জন, অন্ত:বিভাগে ভর্তি রোগীর সংখ্যা ২৪২ জন। হাসপাতালে প্রসূতি ডেলিভারী রোগীর সংখ্যা ১৪ জন, মাঠ/সিএসবিএ/সিসিতে-১২৬ জন। মোট এএনসি-১ম ৯৯ জন, ৪র্থ-৯০ জন এবং পিএনসি ৯৬ জন। ম্যালেরিয়া রোগীর সংখ্যা- ২ জন টিবি রোগীর সংখ্যা= ৮ জন। অত্র উপজেলায় কোভিড-১৯ নিবন্ধিত সংখ্যা ৪১৪৩৩ জন, ১ম ডোজ প্রদান ৪১১১৮ জন, দ্বিতীয় ডোজ ৪০৭২৮ জন, ৩য় ডোড-১৫৫৩১ জন, প্রদান করা হয়নি ৩১৫ জন ২৩০ জন করোনী রোগী পজেটিভ পাওয়া গেছে এবং ২৩০ জনই সুস্থ মর্মে সভায় উপস্থাপন করেন।<br>তিনি আরো জানান যে, প্রাথমিক বিদ্যালয়ে স্কুল পড়ুয়া (৫-১১ বছর বয়সী) ছাত্র/ছাত্রীদের আগামী ১১/১০/২০২২খ্রি: হতে কোভিড-১৯ ভ্যাকসিন দেওয়া হতে পারে এবং বর্তমানে রেজিষ্ট্রেশন চলমান রয়েছে। | (ক) গর্ভকালীন সময়ে নিয়মিত এএনসি, পিএনসি সেবা গ্রহণের জন্য উদ্বুদ্ধ করতে হবে;<br>(খ) ম্যালেরিয়া ও টিবি রোগ বিস্তাররোধকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br>(গ) প্রাথমিক বিদ্যালয়ে স্কুল পড়ুয়া (৫-১১ বছর বয়সী) ছাত্র/ছাত্রীদের কোভিড-১৯ ভ্যাকসিন রেজিষ্ট্রেশনের বিষয়টি সংশ্লিষ্ট চেয়ারম্যানদের কে এলাকায় বহুল প্রচারের জন্য অনুরোধ করা হয়। | স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা ও ইউ.পি. চেয়ারম্যান (সকল) পানছড়ি। |
| ৪ | **<u>পরিবার পরিকল্পনা বিভাগ:</u>** পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সর্ম্পকে জানা গেল না। | আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা পানছড়ি। |
| ৫ | **<u>কৃষি বিভাগ</u>** : উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, রাসায়নিক সার সরকার নির্ধারিত মূল্যে বিক্রি এবং কৃষকদের প্রাপ্যতানুযায়ী নিশ্চিতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট বিসিআইসি ডিলারদের দোকান রোস্টার অনুযায়ী মনিটরিং করা হচ্ছে। বোরো মৌসুমে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ২৬টি সেচ ড্রেনের প্রস্তাবনা উপজেলা কৃষি ও সেচ কমিটি বরাবর উত্থাপন করা হয়েছে। বর্তমানে টিএসপি ৪৮ মে.টন, এমওপি ২.৮ মে.টন এবং ডিএপি ১১ মে.টন মজুদ রয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | (ক) সংশ্লিষ্ট বিসিআইসি ডিলারদের দোকান নিয়মিত মনিটরিং কার্যক্রম জোরদার করণের জন্য অনুরোধ করা হয়।<br>(খ) লক্ষ্যমাত্রানুযায়ী সার ও বীজ মজুদ রাখার জন্য অনুরোধ করা হয়।<br>(গ) লক্ষ্যমাত্রানুযায়ী ধান উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মাঠ পর্যায়ে নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, পানছড়ি। |
| ৬ | **<u>মৎস্য বিভাগ :</u>** উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, চলতি মাসে ০৫ জন মাছ চাষীকে অফিসে পরামর্শ প্রদান এবং ৬টি | (ক) মৎস্য সেক্টরে ক্ষুদ্র ঋণ তহবিল কার্যক্রমের আওতায় অনাদায়ী ঋণ আদায়ের বিষয়ে প্রয়োজনীয় | উপজেলা মৎস্য কর্মকর্তা, পানছড়ি |

| | | | |
|---|---|---|---|
| | প্রশিক্ষণপ্রাপ্ত চাষীর খামার পরিদর্শন করা হয়েছে। মৎস্য সেক্টরে ক্ষুদ্র ঋণ তহবিল কার্যক্রমে আওতায় সর্বমোট ৮.২৩৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়। অনাদায়ী ঋণের পরিমাণ ৩.৬৫৯২০ লক্ষ টাকা। আদায় হার ৫৬%। তিনি আরো জানান যে, মৎস্য অধিদপ্তরের রাজস্ব বাজেটের আওতায় ২য় ধাপে সরকারি/বেসরকারি ১৫টি প্রাতিষ্ঠানিক জলাশয়ে ৪৪৪ কেজি উপস্থিতিতে পোনা মাছ অবমুক্ত করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংরক্ষিত মহিলা আসনের মাননীয় সাংসদ মিস বাসন্তী চাকমা মহোদয়। পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে মৎস্য সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় (২০২১-২০২২) লতিবান ইউনিয়নে একটি উন্নয়নকৃত ক্রিকে কার্প জাতীয় মাছের প্রদর্শনী খামারে মাছের পোনা ও বিভিন্ন উপকরণ বিতরণ করা হয়। | পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) চট্টগ্রাম অঞ্চলে মৎস্য সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় (২০২২-২০২৩) অর্থবছরে উন্নয়নকৃত ক্রিক বাঁধসমূহ নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় কারিগরি সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হয়। | |
| ৭ | **প্রাণি সম্পদ বিভাগ :** উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, সংক্রমণ রোগ প্রতিরোধে গবাদি টিকা প্রদান ৯৬৪টি, হাঁস-মুরগী টিকা প্রদান ১৬,৪০০ মাত্রা, গবাদি পশু চিকিৎসা ১২৫৬টি, হাঁস-মুরগী চিকিৎসা ৮৯৩৫টি, কৃত্রিম প্রজনন ৭০টি, রাজস্ব আদায়: গবাদি পশু হাঁস-মুরগী টিকা বিক্রয় বাবদ ৩,৭৫৫ টাকা, কৃত্রিম প্রজনন ফি বাবদ ২১০০ টাকা, খামার পরিদর্শন-০৫টি মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) প্রাণি সম্পদের স্বাস্থ্য সুরক্ষার জন্য চিকিৎসা এবং টিকা প্রদান কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br>(খ) নিয়মিত খামার পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, পানছড়ি। |
| ৮ | **স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ : (ক)** উপজেলা প্রকৌশলী (এলজিইডি) জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় ১ম কিস্তিতে ২১.২৭ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। ৪র্থ কিস্তি হিসেবে (২১.২৭ × ৪)= ৮৫.০৮ লক্ষ টাকার স্কিমলিস্ট পাওয়া গেছে। এ বিষয়ে সংশ্লিষ্ট ৫টি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে গত ৩১ জুলাই,২০২২খ্রি: তারিখে প্রকল্প তালিকা দাখিলের জন্য পত্র প্রেরণ করা হয় এবং সংশ্লিষ্ট ৫টি ইউনিয়ন পরিষদ হতে প্রকল্প তালিকা পাওয়া গেছে। প্রকল্প যাচাই-বাছাই কমিটির মাধ্যমে খুব শ্রীঘ্রই প্রকল্প তালিকা চূড়ান্ত করা হবে।<br>(খ) ২০২২-২০২৩ অর্থবছরে উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাষ্টার প্ল্যান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় সড়ক, ড্রেন, কালভার্ট, পাবলিক টয়লেট, কসাইখানা নির্মানকল্পে প্রকল্প পরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার, সভাপতি বাজার কমিটি ও সাধারণ সম্পাদকসহ আলোচনাক্রমে পানছড়ি বাজারের রাস্তা আরসিসি করণ ও হাসপাতাল সড়ক সিসি করার সিদ্ধান্ত নেওয়া হয়। এছাড়াও কসাইখানা স্টীল ব্রীজের নিকট, পানছড়ি বাজারে পাবলিক টয়লেট ১টি ও তালুকদার পাড়া ব্রীজ সংলগ্ন ২টি এবং বাজারের ড্রেনসহ নালকাটা কারিগর পাড়া রাস্তায় কালভার্ট নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া তালুকদার পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন বিদ্যালয় ভবন ভেঙ্গে নিলামে বিক্রয়ের ব্যাপারে নীতিগতভাবে সিদ্ধান্ত নেওয়া হয়। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | (ক) বিধি মোতাবেক প্রকল্প যাচাই-বাছাই কমিটির মাধ্যমে যাচাই-বাছাই পূর্বক প্রকল্পের তালিকা চূড়ান্ত করণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) বিধি মোতাবেক শ্রীঘ্রই প্রকল্পসমূহের প্রাক্কলন প্রস্তুতপূর্বক পরবর্তী ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী (এলজিইডি) পানছড়ি কে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি), পানছড়ি। |

| | | | |
|---|---|---|---|
| ৯ | **দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার প্রতিনিধি জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণবেক্ষন টি.আর. কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে ২২,০৯,১৬৩/৯৫ টাকা নগদ অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে। ২০২২২-২০২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার কাবিখা/কাবিটা কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে ৩১,৫৭,১৫৫/২৪ টাকা নগদ অর্থ ২১.০৪৭৯ মে:টন (চাল) এবং ২১.০৪৭৯ মে:টন (গম) বরাদ্দ প্রদান করা হয়েছে। কাজের অগ্রগতি ০%। | ২০২২২-২০২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণবেক্ষন টি.আর. এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার কাবিখা/কাবিটা কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পের তালিকা জেলা কমিটিতে অনুমোদনের জন্য প্রকল্প তালিকা প্রেরণ করা হয়েছে এবং জেলা কমিটিতে অনুমোদিত হলে পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পানছড়ি। |
| ১০ | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :** সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান যে, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায়২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ অর্থবছরে ২৬০টি নলকূপের মধ্যে ২৪৯টি নলকূপ স্থাপনের কাজ সম্পন্ন করা হয়েছে। অবশিষ্ট ১১টি কাজ চলমান রয়েছে। ২০২১-২০২২ অর্থবছরে নতুনভাবে ১৩০টি নলকূপ বরাদ্দের মধ্যে ৭২টি নলকূপ স্থাপন কাজ সম্পন্ন করা হয়েছে বাকী কাজগুলো চলমান রয়েছে। ৫৮ গ্রাম প্রকল্পের আওতায় ৭টি কাজের মধ্যে ৩টি কাজ সমাপ্ত করা হয়েছে এবং অবশিষ্ট ৪টির কাজ চলমান। ৬টি পাবলিক টয়লেটের ৩টি ছাদ ঢালাই করা হয়েছে এবং বাকী ৩টির কাজ চলমান। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ৬টি বিদ্যালয়ে নতুনভাবে দ্বিতল ওয়াশ ব্লক নির্মান করা হবে। হাসান নগর ও আলী নগর সর: প্রাথ: বিদ্যালয়ে কাজ চলমান আছে। বাকী বিদ্যালয়গুলো হচ্ছে-লোগাং বাজার, কালানাল, বড় পানছড়ি (উত্তর), লতিবান মুখ সর: প্রাথ: বিদ্যালয়। মুজিব শতবর্ষ উপলক্ষে ১ম পর্যায়ে ২টি এবং ২টি পর্যায়ে ২৫টি পানির উৎস স্থাপন করা হয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | (ক) সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় গৃহীত প্রকল্পসমূহের কাজ নির্দিষ্ট সময়সীমার মধ্যে সম্পাদনের জন্য অনুরোধ করা হয়।<br>(খ) চলমান কাজের অবশিষ্ট পানির উৎসের কাজসমূহ বিধি অনুযায়ী সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) পানছড়ি। |
| ১১ | **প্রাথমিক শিক্ষা বিভাগ :** উপজেলা শিক্ষা অফিসার জানান যে, ৫-১১ বছর বয়সী ছাত্র/ছাত্রীদের কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের জন্য ৭৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নিবন্ধন কাজ চলমান। প্রাথমিক শিক্ষা পদক,২০২২ উপজেলা পর্যায়ে শেষ হতে গত ২২/০৯/২০২২ তারিখে জেলা পর্যায়েও সম্পন্ন হয়েছে। আগামী নভেম্বর,২০২২খ্রি: মাসে অনুষ্ঠিতব্য ৩য় ও ৫ম শ্রেণী শিক্ষার্থীদের বাংলা ও গণিত বিষয়ে জাতীয় শিক্ষার্থী মূল্যায়ন (NSA) এর জন্য ৭৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়কে নির্দেশনা মোতাবেক অবহিত করা হয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | (ক) নির্দেশনা মোতাবেক সকল প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদেরকে নিবন্ধন কার্যক্রম সম্পাদনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br>(খ) স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, পানছড়ি। |
| ১২ | **মাধ্যমিক শিক্ষা বিভাগ :** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, গ্রীষ্পকালীন ক্রীড়া প্রতিযোগিতা-২০২২ সম্পন্ন করা হয়েছে। এস.এস.সি. দাখিল ও ভোকেশনাল পরীক্ষা-২০২২ চলমান এবং NCTB কর্তৃক বিষয় ভিত্তিক প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য সংগ্রহের কাজ চলমান। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | (ক) গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা-২০২২ সুষ্ঠু সুন্দর ও সুশৃঙ্খলভাবে সম্পাদনের জন্য ধন্যবাদ জানানো হয়।<br>(খ) NCTB কর্তৃক বিষয় ভিত্তিক প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য সংগ্রহের কাজ বিধি মোতাবেক সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পানছড়ি। |
| ১৩ | **সমাজসেবা বিভাগ :** উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি জানান যে, পল্লী সমাজসেবা ও পল্লী মাতৃকেন্দ্রে ৬৮ জনকে ১৪,৭০,০০০/- (চৌদ্দ লক্ষ সত্তর হাজার) টাকা ও সংশ্লিষ্ট সম্পাদিকাকে ০৯ মাসের সম্মানী বাবদ ৯০,০০০/- (নব্বই হাজার) টাকা এবং দগ্ধ ও প্রতিবন্ধী ১০ জনকে | (ক) স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br>(খ) বিধি অনুযায়ী সকল ভাতাবিতরণ কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, পানছড়ি। |

| | | | |
|---|---|---|---|
| | ২,৪৫,০০০/- (দুই লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা বিতরণ করা হয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | | |
| ১৪ | **মহিলা বিষয়ক বিভাগ :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ২০২১-২০২২ ভিজিডি চক্রের ১৩৬৩ জনের আগষ্ট,২০২২খ্রি: মাসের ডিও উত্তোলন ও বিতরণ সম্পন্ন হয়েছে। ভিজিডি উপকারভোগীদের ২০০ টাকা হারে সঞ্চয় জানুয়ারী, ২০২১ হতে আদায় কার্যক্রম চলমান আছে এবং আদায় কার্যক্রম ১০০%। ২০২১-২০২২ অর্থবছরে দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা উপকারভোগীদের স্ব-স্ব হিসাব নম্বর যাচাই বাছাই পূর্বক জুলাই,২০২১ হতে জুন,২০২২খ্রি: মাস পর্যন্ত ১ (এক) বৎসরের ভাতা প্রদান করা হয়েছে। উক্ত কর্মসূচি মা ও শিশু সহায়তা কর্মসূচি নামে পরিচালিত হবে। উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ (আইজিএ) প্রকল্পের ১৬তম ব্যাচের ফ্যাশন ডিজাইন ও মোমবাতি ট্রেডের প্রশিক্ষণ চলমান। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ৫টি ক্লাবে কার্যক্রম চলমান আছে এবং পুষ্টি নাস্তা বিতরণ করা হচ্ছে এবং আবৃত্তি শিক্ষকের শূণ্য পদে নিয়োগ প্রদান করা হয়েছে এবং কাজে যোগদান করেছেন। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | (ক) ইউনিয়ন পর্যায়ে নারী শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ, যৌতুক ও ইভটিজিং প্রতিরোধের বিষয়ে নিয়মিত উঠান বৈঠক বৈঠক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) ডিও বিতরণ শেষে নির্ধারিত তারিখের মধ্যে মাষ্টার রোল ও সঞ্চয় জমা প্রদানের জন্য সংশ্লিষ্ট চেয়ারম্যানদেরকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও ইউ.পি. চেয়ারম্যান (সকল) পানছড়ি। |
| ১৫ | **পল্লী উন্নয়ন বিভাগ :** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, ক্রমপূঞ্জিত সমিতি গঠন ১৪১টি, ক্রমপূঞ্জিত সদস্য ভর্তি ১৫৫৪ জন, ক্রমপূঞ্জিত শেয়ার আদায় ৭.৫৬ (লক্ষ টাকায়) টাকা, ক্রমপূঞ্জিত সঞ্চয় আদায় ৬৬.৬১ (লক্ষ টাকায়), ক্রমপূঞ্জিত ঋণ আদায় ১৬৩৫.৮৯ (লক্ষ টাকায়), ক্রমপূঞ্জিত ঋণ বিতরণ ১৮১৯.১৩ (লক্ষ টাকায়) টাকা, ক্রমপূঞ্জিত অডিট ৫৯টি, ক্রমপূঞ্জিত এজিএম ৫৯টি, ক্রমপূঞ্জিত নির্বাচন ৫৯টি, ক্রমপূঞ্জিত প্রশিক্ষণ ১১১০টি মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) লক্ষ্যমাত্রানুযায়ী দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) লক্ষ্যমাত্রানুযায়ী ঋণ ও সঞ্চয় আদায় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(গ) স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পানছড়ি। |
| ১৬ | **সমবায় বিভাগ :** উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, অত্র উপজেলার অডিট বরাদ্দ অডিট অফিসারগণের দ্বারা সম্পাদন করা হবে। এ পর্যন্ত ধার্যকৃত সকল অডিট ফি ধার্য করে জেলা সমবায় কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। এ পর্যন্ত ধার্যকৃত সকল উন্নয়ন তহবিল ধার্য করে জেলা সমবায় কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। সকল সমিতির উন্নয়ন সমিতির সমবায় উন্নয়ন তহবিল পরিশোধ করে রশিদের কপি জেলা সমবায় কার্যালয়, খাগড়াছড়িতে প্রেরণ করা হয়েছে। চলতি মাসে ০৩টি সমিতি ও ০১ জন সমবায়ীকে জাতীয় সমবায় পুরস্কার প্রদান করে জেলা সমবায় কার্যালয়, খাগড়াছড়ি তে প্রেরণ করা হয়েছে। | (ক) সমবায় সমিতির সকল বিধি বিধান অনুসরণ পূর্বক দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ করা।<br><br>(খ) দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, পানছড়ি। |
| ১৭ | **যুব উন্নয়ন অধিদপ্তর :** যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, চলমান মাসে ক্রমপূঞ্জিত ঋণ বিতরণ ২,৮৩,৮৪,০০০/- টাকা, চলমান মাসে ঋণ আদায়যোগ্য ১,৮৮,০০০/- টাকা, চলমান মাসে ঋণ আদায়কৃত ১,৭০,০০০/- টাকা চলমান মাসে আদায় হার ৯০%। চলমান মাসে ক্রমপূঞ্জিত ঋণ আদায়যোগ্য ২,৬৩,৪৪,০৫০/- টাকা, চলমান মাসে ক্রমপূঞ্জিত ঋণ আদায়কৃত ২,৪৪,৬৬,২৬৬/- টাকা, আদায় হার ৯৩%। চলমান মাসে ঋণ বিতরণ- ৫,৮০,০০০/- টাকা। দাপ্তরিক অন্যান্য কাজকর্ম স্বাভাবিক। | (ক) লক্ষ্যমাত্রানুযায়ী ঋণ আদায়, সঞ্চয় আদায় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(গ) স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পানছড়ি। |

| | | | |
|---|---|---|---|
| ১৮ | **খাদ্য অধিদপ্তর:** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, অত্র উপজেলায় বর্তমানে খাদ্য গুদামে ৩৯২.০৯০ মে: টন (আতপ) চাল, ১৬৮.৮৮৬ মে: টন (সিদ্ধ) চাল। ১৭.৯৪৪ মে. টন গম এবং ৩৯.০০ মে:টন ধান মজুদ আছে। ০১ সেপ্টেম্বর,২০২২খ্রি: তারিখ হতে ২৬ সেপ্টেম্বর,২০২২খ্রি: তারিখ পর্যন্ত ও.এম.এস. খাতে ৭২.০০০ মে.টন চাউল ডিলারের মাধ্যমে বিক্রয় করা হয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | (ক) পর্যাপ্ত পরিমাণে খাদ্যগুদামে খাদ্য মজুদ রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) সংশ্লিষ্ট ট্যাগ অফিসারদেরকে ও.এম.এস. চাল বিক্রয়ের সময় মনিটরিং করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পানছড়ি। |
| ১৯ | **বন বিভাগ :** তাঁর বিভাগের কার্যপত্র দাখিল না করায় এ বিভাগ সম্পর্কে জানা করা গেল না। | আগামী সভায় উপস্থিতিরি সময় আবশ্যিকভাবে কার্যপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা রেঞ্জ কর্মকর্তা, পানছড়ি। |
| ২০ | **আনসার ও ভিডিপি বিভাগ :** আনসার ভিডিপি কর্মকর্তা শারিরীক অসুস্থতার কারণে সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিতিরি সময় আবশ্যিকভাবে কার্যপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হয়। | আনসার ভিডিপি কর্মকর্তা, পানছড়ি। |
| ২১ | **পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প):** প্রকল্প ব্যবস্থাপক (টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প) ব্যবস্থাপক জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | প্রকল্প ব্যবস্থাপক (টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প) পানছড়ি। |
| ২২ | **পল্লী সঞ্চয় ব্যাংক:** পল্লী সঞ্চয় ব্যাংকের প্রকল্প সমন্বয়কারী সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সর্ম্পকে জানা গেল না। | আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | প্রকল্প সমন্বয়কারী, পল্লী সঞ্চয় ব্যাংক, পানছড়ি। |
| ২৩ | **বিদুৎ বিভাগ :** উপজেলা আবাসিক প্রকৌশলী সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সর্ম্পকে জানা গেল না। | আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী (বিউবো) পানছড়ি। |
| ২৪ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প: উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, ৫ম বছরের জন্য অনুমোদিত অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্পের ক্রয়/টেন্ডার প্রক্রিয়া সমাপ্ত হয়েছে এবং যেসকল ঠিকাদারী প্রতিষ্ঠান টেন্ডারে অংশগ্রহণ করেছেন সেগুলোর মূল্যায়ন/এ্যাভুলেয়েশন কার্যক্রম বর্তমানে চলমান রয়েছে। | (ক) ৫ম বছরের জন্য অনুমোদিত অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্প সমূহের বাস্তবায়ন কাজ যথাসময়ে সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। | ইউডিএফ, UGDP পানছড়ি। |
| ২৫ | **তথ্য আপা প্রকল্প:** তথ্য সেবা কর্মকর্তা জানান যে, ব্যবসা, শিক্ষা, কৃষি, জেন্ডার, আইন, তথ্য প্রযুক্তি বিষয়ে ডোর টু ডোর সেবা গ্রহণকারীর সংখ্যা ৩২৯ জন, তথ্যকেন্দ্রে সেবা গ্রহণকারীর সংখ্যা ১৭ জন। মোট সেবা গ্রহণকারীর সংখ্যা ৩৪৬ জনকে সেবা প্রদান করা হয়েছে। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | (ক) উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক প্রকল্পের সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা, পানছড়ি। |
| ২৬ | **শিক্ষা ও দক্ষতা উন্নয়নের মাধ্যমে নারী ও কণ্যা শিশুর ক্ষমতায়ন প্রকল্প :** প্রকল্পের এডুকেশন ফ্যাসিলিটেটর সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সর্ম্পকে জানা গেল না। | আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | এডুকেশন ফ্যাসিলিটেটর শিক্ষা দক্ষতা উন্নয়নের মাধ্যমে নারী ও কণ্যা শিশু ক্ষমতায়ন প্রকল্প |
| ২৭ | **বিবিধ : (ক)** উপজেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা পরিষদের ভূমি উন্নয়ন পরিশোধের লক্ষ্যে সহকারী কমিশনার (ভূমি) (অ.দা.) ২২,১২০/- (বাইশ হাজার একশত বিশ) টাকা দাবী করেছেন এবং পরিশোধের বিষয়ে সভায় উপস্থিত সকলের নিকট উপস্থাপন করেন।<br>(খ) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, উপজেলা পর্যায়ে ৪৯তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা-২০২২ উদযাপনের লক্ষ্যে আর্থিক স্বল্পতার কারণে সম্পূর্ণ ব্যয়ভার তাঁর দপ্তর হতে পরিচালনা করা সম্ভব নয়। সে প্রেক্ষিতে উপজেলা পরিষদ হতে কিছু আর্থিক সহযোগিতা প্রদানের জন্য সভায় উপস্থাপন করেন। | (ক) বিস্তারিত আলাপ আলোচনার পর, ২২,১২০/- (বাইশ হাজার একশত বিশ) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশাধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) বিস্তারিত আলাপ আলোচনার পর, ৪৯তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা-২০২২ উদযাপনের লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা আর্থিক সহযোগিতা প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | মুখ্য নির্বাহী কর্মকর্তা উপজেলা পরিষদ, পানছড়ি।<br><br>মুখ্য নির্বাহী কর্মকর্তা উপজেলা পরিষদ পানছড়ি ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পানছড়ি। |

| | | | |
|---|---|---|---|
| | (গ) উপজেলা প্রকৌশলী (এলজিইডি) জানান যে, উপজেলা পরিষদের আওতাধীন ডরমেটরী ভবনে পানির পাইপ, বৈদ্যুতিক লাইন মেরামত ও আনুষাঙ্গিক কাজের ব্যয় বিল বাবদ ১৭,৩২০/- (সতের হাজার তিনশত বিশ) টাকা এবং উপজেলা পরিষদের আওতাধীন পুরনো কোর্ট ভবনের বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর অফিস স্থাপনের জন্য কক্ষ মেরামত, পাইপ লাইন ও আনুষাংগিক মেরামত বাবদ ৬,৫৪০/- (ছয় হাজার পাঁচশত চল্লিশ) টাকা। সর্বমোট = (১৭,৩২০+৬৫৪০)= ২৩,৮৬০/- (তেইশ হাজার আটশত ষাট) টাকা ব্যয় নির্বাহ করা হয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন। | (গ) বিস্তারিত আলাপ আলোচনার পর, ব্যয়িত ২৩,৮৬০/- (তেইশ হাজার আটশত ষাট) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) পানছড়ি। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

**(চন্দ্র দেব চাকমা)**
প্যানেল চেয়ারম্যান-১
উপজেলা পরিষদ, পানছড়ি।

স্মারক নং-০৫(১২)/২০১৭- তারিখ- /০৯/২০২২খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

**১।** মাননীয় সংসদ সদস্য, ২৯৮নং আসন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
**২।** সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
**৫।** জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
**৬।** চেয়ারম্যান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
**৭।** সিভিল সার্জন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
**৮।** জনাব/বেগম ...................................................... ভাইস চেয়ারম্যান, পানছড়ি উপজেলা পরিষদ।
**৯।** উপজেলা ................................................................ কর্মকর্তা, পানছড়ি, খাগড়াছড়ি।
১০। চেয়ারম্যান, লোগাং/চেঙ্গী/পানছড়ি/লতিবান/উল্টাছড়ি ইউ.পি. পানছড়ি, খাগড়াছড়ি।
**১১।** ..........................................................................
.............................................................................. খাগড়াছড়ি পার্বত্য জেলা।

(রুবাইয়া আফরোজ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, পানছড়ি।